

## Subject Bengali

### 2<sup>nd</sup> language

### Worksheet

### Class-2

কবিতা - আমাদের গ্রাম

কবি-বন্দে আলী মিয়া।

#### কবিতার সারসংক্ষেপ:

কবি বন্দে আলী মিয়া আমাদের ছোট গ্রাম কবিতাটিতে তার ছোট গ্রামের বর্ণনা দিয়েছেন। সেই ছোট গ্রামটিতে ছোট ছোট ঘর এবং সেখানে যারা বাস করে তারা সবাই মিলেমিশে বাস করেন। সবাই একে অপরের ভাই ভাই। ছেলেরা একসাথে খেলা করে, পাঠশালায় যায় অর্থাৎ যেখানে পাঠ পড়ানো হয়। কেউ নিজেদের মধ্যে হিংসা মারামারি করে না। পিতা-মাতা অর্থাৎ বাবা-মা এবং গুরুজন অর্থাৎ বয়সের থেকে বড় মানুষজনকে তারা ভয় পায়।

কবির গ্রাম তার মায়ের সমান অর্থাৎ মায়ের মত। মা যেমন তার ছেলেমেয়েদের যত্ন করে ঠিক তেমনি গ্রাম তাদের ধান ভরা মাঠ এবং জল ভরা বড় পুকুর দিয়েছেন। সূর্যের আলো দিয়েছেন সুন্দর বাতাস দিয়েছেন। সেই গ্রামে

আম গাছ জাম গাছ এবং বাঁশঝাড় এমনভাবে মিলেমিশে রয়েছে তারা যেন একে অপরের প্রতিবন্দী। সকাল বেলা পূর্ব অর্থাৎ পূর্বদিকে সোনার রবি, সূর্যের রং সোনার মতো। রবি অর্থাৎ ☀️ সূর্যকে বলা হয়েছে। ভোরের বেলা পাখি ডাকে এবং নানান রকম ফুল ফোটে কবির সেই সুন্দর গ্রামটিতে। কবি বন্দে আলী মিয়া সেই গ্রামটির সুন্দর বর্ণনা দিয়েছেন।

### ১) নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

- ক) আমাদের গ্রাম কবিতায় কবির নাম কি?
- খ) ছোট গ্রামে ছোট ছোট কি আছে?
- গ) পাড়ার সকল ছেলে কি?
- ঘ) সবাই মিলে তারা কোথায় যায়?
- ঙ) তারা একে অপরের সাথে কি করে না ?

### ২) নীচের শব্দগুলির অর্থ লেখ।

কভু-

পাঠশালা-

ডরি-

পড়শী-

বায়ু-

রবি-

### ৩) ফাঁকা জায়গায় ঠিক শব্দ বসাও।

আমাদের ছোট \_ ছোট ছোট \_ ,  
থাকি সেথা \_ মিলে নাহি কেহ \_ ।  
পাড়ার সকল ছেলে মোরা ভাই \_  
একসাথে খেলি আর \_ যাই।  
\_ও মারামারি কভু নাহি করি।  
পিতা-মাতা \_ সদা মোরা ডরি।

### ৪) সঠিক উত্তরের পাশে( টিক)চিহ্ন দাও।

১) আমাদের ছোট গ্রাম(বাবার সমান /মায়ের সমান) ।

২) (চাঁদের/সূর্যের) কিরণ লেগে করে ঝিকিমিকি।

৩) সকালে(সোনার রবি/রুপোর রবি) পূব দিকে ওঠে।

৪)(পাখি ডাকে/ব্যাঙ ডাকে) বায়ু বয়, নানা ফুল ফোটে।

**বাড়ির কাজ:** 'আমাদেরগ্রাম'কবিতাটির কবির নাম লেখ  
ও কবিতাটি লেখ।

\*\*\*\*\*